ইত্তেফাক

তারিখ 1|2|79

পৃষ্ঠা 8 কলাম 7





গতকাল (বুধবার) শাজাহানপুর রেলওয়ে হাইস্কুলের সামনে বাংলাদেশ চিশতীয় মিশনের ভিত্তিপ্রস্তর স্থাপনের পর মোনাজাতের দৃশ্য —ইত্তেফাক

# বাংলাদেশ চিশতিয়া মিশনের ভিত্তিপ্রস্তর স্থাপন

(ইত্তেফাক রিপোর্ট)

আজমীর শরীফের খাদেম ও পীর সৈয়দ মাহমুদ হোসেন চিশতী গতকাল (বুধবার) শাজাহানপুর রেলওয়ে হাইস্কুলের সামনে আনুষ্ঠানিকভাবে বাংলাদেশ চিশতিয়া মিশনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। মিশনের চেয়ারম্যান ও সাবেক প্রতিমন্ত্রী জনাব নূরুল ইসলাম মঞ্জুর এবং বাংলাদেশ রেলওয়ে বোর্ডের চেয়ারম্যান জনাব মকবুল আহমদও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। উল্লেখযোগ্য, রেলওয়ে বোর্ড মিশনের জন্য ১০ কাঠা জমি দান করিয়াছে। আপাততঃ সেখানে একটি বহুতল ভবন নির্মাণ করা হইবে এবং একটি মাদ্রাসা ও এতিমখানা স্থাপন করা হইবে।